

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৩০.২০২২. ১১৪

তারিখ: ০১ এপ্রিল ১৪৩০ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, ড. আবু রেজা আজাদ (১২২৭৫), সহকারী অধ্যাপক (ইতিহাস), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, প্রাক্তন সহকারী পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী এর বিরুদ্ধে সেবা গ্রহীতাগণের সাথে দুর্ব্যবহার করা, এমপিও, টাইমস্কেল/উচ্চতর গ্রেডের ও সংশ্লিষ্ট কার্যাদিতে উদ্দেশ্যমূলকভাবে সময়ক্ষেপন করে আবেদন নিষ্পত্তি না করে অবৈধ আর্থিক সুবিধা আদায়ের চেষ্টা করা, জ্যেষ্ঠ শিক্ষককে পদোন্নতি না দিয়ে জুনিয়র শিক্ষককে পদোন্নতি প্রদান, প্রাপ্যতা থাকা সত্ত্বেও বিভিন্ন অজুহাতে এমপিও না দেয়া, বারবার প্রতিষ্ঠান হতে আবেদন করা সত্ত্বেও এমপিও তালিকা হতে নাম কর্তন করার অভিযোগসমূহের যথার্থতা রয়েছে এবং আর্থিক সুবিধা গ্রহণের বিষয়টি ব্যাপকভাবে প্রচারিত ও ক্ষমতার অপব্যবহার করার অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ২৭/০৩/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ১০/১০/২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক সার্বিক পর্যালোচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, ড. আবু রেজা আজাদ (১২২৭৫), সহকারী অধ্যাপক (ইতিহাস), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৩০.২০২২. ৬৩৪/১ (১)

তারিখ: ০১ এপ্রিল ১৪৩০ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. আবু রেজা আজাদ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। ড. আবু রেজা আজাদ (১২২৭৫), সহকারী অধ্যাপক (ইতিহাস), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব